

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তি সালাতের যে জায়গায় কুনূত পড়বেন তার বর্ণনা

ذِكْرُ الْمَوْضِعِ الَّذِي يَقْنُتُ الْمُصَلِّي فِيهِ مِنْ صَلَاتِهِ

আরবী

1978 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا

إِسْمَاعِيلُ بْنُ عَلِيَّةَ عَنْ هِشَامِ الدَّسْتَوَائِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ
عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: وَاللَّهِ إِنِّي لِأَقْرُبُكُمْ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ أَبُو
هُرَيْرَةَ يَقْنُتُ فِي صَلَاةِ الظُّهْرِ وَصَلَاةِ الْعِشَاءِ وَصَلَاةِ الصُّبْحِ بَعْدَمَا يَقُولُ: سَمِعَ اللَّهُ
لِمَنْ حَمِدَهُ فَيَدْعُو لِلْمُؤْمِنِينَ وَيَلْعَنُ الْكَافِرِينَ.

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1978 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1294)

বাংলা

১৯৭৮. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর কসম, নিশ্চয়ই আমি তোমাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের সবচেয়ে বেশি কাছাকাছি সালাত আদায় করি।” অধঃস্তন রাবী বলেন, “আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু ফজর, যোহর ও ইশার সালাতে (রুকু'র পর) سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ বলার পর কুনূত (নাযেলা) পড়তেন। তিনি তাতে মুমিনদের জন্য দু'আ আর কাফিরদের জন্য অভিসম্পাত করতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৫৫; সহীহ আল বুখারী: ৭৯৭; সহীহ মুসলিম: ৬৭৬; আবু দাউদ: ১৪৪০; নাসাঈ:

২/২০২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৪১; আবু আওয়ানা: ২/২৮৪; দারাকুতনী: ২/৩৮; সুনান বাইহাকী: ২/১৯৮; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৪৯৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৯৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91295>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন